



এক নজরে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস

প্রতিষ্ঠানের নাম	বাংলা	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস		
	ইংরেজি	Upazila Secondary Education Office		
	সংক্ষিপ্ত	USEO		
অফিস প্রধানের পদবী	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার	নিয়ন্ত্রণকারী কার্যালয়	মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ	শিক্ষা মন্ত্রণালয়
যোগাযোগের তথ্যাবলি	ঠিকানা	উপজেলা পরিষদ পুঠিয়া, রাজশাহী।	ফোন নং	+৮৮-০৭২৮-৫৬৩২৭
			ফ্যাক্স নং	+৮৮-০৭২৮-৫৬৩২৭
			ই-মেইল	useoputhia@gmail.com
			ফেসবুক	USEO,Puthia,Rajshahi

দেশের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা কার্যক্রম শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক পরিচালিত হয়। এ অধিদপ্তরের আওতাধীন উপজেলা পর্যায়ে একটি অফিস উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস। একজন উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, একজন সহকারী উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, একজন উপজেলা একাডেমিক সুপারভাইজার, একজন একাউন্ট্যান্ট, একজন অফিস সহকারী, একজন অফিস সহায়ক ও একজন নৈশ প্রহরী এর মাধ্যমে এ অফিসের কার্যক্রম পরিচালিত হয়। এ উপজেলায় অবস্থিত ৪৪টি মাধ্যমিক বিদ্যালয়, তিনটি উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, ১২টি কলেজ, ১৩টি মাদ্রাসা এবং ৫টি কারিগরী শিক্ষা প্রতিষ্ঠানকে সেবা প্রদান করা হয়ে থাকে। এ সকল শিক্ষা প্রতিষ্ঠানে ১৩৯৫ জন শিক্ষক (১০৫৪ জন ও ৩৪১ জন মহিলা), ২৫১৪৫ জন শিক্ষার্থী (১৩০০৩ জন ছাত্র ও ১২১৪২ জন ছাত্রী) রয়েছে। এ উপজেলায় মোট ১৭২৫ জন ছাত্র এবং ৩১২৮ জন ছাত্রী উপবৃত্তির সুবিধা ভোগ করে থাকে। এখানে মাল্টিমিডিয়া ক্লাশরুম রয়েছে ৫৮টি, শেখ রাশেল ডিজিটাল ল্যাব ০৬টি এবং ১০টি কম্পিউটার ল্যাব রয়েছে। ২০১৮ সালে সকল শিক্ষার্থীর মাঝে প্রায় ৩৬ হাজার বিনামূল্যের পাঠ্যপুস্তক বিতরণ করা হয়েছে। জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নেতৃত্বে ১৯৭১ সালে সশস্ত্র মুক্তিযুদ্ধ করে আমরা দেশ স্বাধীন করেছি। একটি দক্ষ এবং আধুনিক জ্ঞান-বিজ্ঞান ও প্রযুক্তি নির্ভর শিক্ষায় শিক্ষিত জাতি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নের সোনার বাংলা গড়ে তোলা এ সরকারের অঙ্গিকার। মাননীয় প্রধান মন্ত্রী শেখ হাসিনার দূরদর্শী ও গতিশীল নেতৃত্বে আধুনিক শিক্ষা ব্যবস্থা গড়ে তোলা ও শিক্ষার উন্নয়নের লক্ষ্যে বর্তমান সরকার ব্যাপক কার্যক্রম চালিয়ে যাচ্ছে। শিক্ষা ক্ষেত্রে সরকারের সাফল্য ও অর্জন অভূতপূর্ব যা জাতির সৃজনশীলতা ও প্রাণশক্তিতে সঞ্চার করেছে ষ উদ্দীপনার।

